বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৫৫

তারিখ: ২১ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: 'জুলাই গণঅভ্যুত্থান দিবস - ২০২৫' উদযাপন প্রসঙ্গে।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক অদ্য ০৫/০৮/২০২৫ ইং তারিখ রোজ মঙ্গলবার 'জুলাই গণঅভ্যুত্থান দিবস, ২০২৫' উপলক্ষে কমিশনের সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে একটি আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দুপুর ১২:০০ টায় কমিশনের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত উক্ত আলোচনা সভার সূচনা হয়। বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ উক্ত অনুষ্ঠানের সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন। বিএসইসি'র কমিশনারবৃন্দ, নির্বাহী পরিচালকবৃন্দ, পরিচালকবৃন্দসহ বিএসইসি'র সকল কর্মকর্তা-কর্মচারী অনুষ্ঠিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন। সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদসহ বিএসইসি'র কমিশনারবৃন্দ বক্তব্য রাখেন। সভায় 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' এর গুরুত্ব ও তাৎপর্যের উপর আলোচনা হয়। এছাড়াও সভায় সকল শহীদের আত্মত্যাগসহ সকলের অবদানের কথা গভীর শ্রদ্ধাভরে স্মরণ করা হয়।

আলোচনা সভা শেষে সকল শহীদের আত্মার শান্তি এবং দেশের সর্বাঙ্গীন মঙ্গল কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। বিএসইসি'র কর্মকর্তা-কর্মচারীবৃন্দসহ উপস্থিত সকলে উক্ত দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন।

একইসাথে এদিন 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' উপলক্ষে আয়োজিত র‍্যালীতে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ নেতৃত্বে বিএসইসি'র সকল কমিশনার ও কর্মকর্তা-কর্মচারী যোগদান করেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

05/08/2025

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র


আলোচনা সভা ও দোয়া মাহফিল
সভাপতি: জনাব খন্দকার রাশেদ মাকসুদ
চেয়ারম্যান, বিএসইসি
স্থানঃ মাল্টিপারপাস হল | তারিখঃ ৫ আগস্ট ২০২৫
সকল শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা


৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' উপলক্ষ্যে
আলোচনা সভা ও দোয়া মাহফিল
জনাব খন্দকার রাশেদ মাকসুদ



সকল শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা
৫ আগস্ট
জুলাই গণঅভ্যুত্থান দিবস
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন